গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
আইসিটি সেল

Domestic Network Coordination Committee (DNCC) এর ৩১তম সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন সংক্রান্ত আন্তঃমন্ত্রণালয় দ্বিতীয় সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | ড. তরুণ কান্তি শিকদার<br>অতিরিক্ত সচিব |
| সভার তারিখ | ২৮.০৭.২০২১ খ্রিস্টাব্দ |
| সভার সময় | বেলা ১১.০০ টা |
| স্থান | Zoom Online Platform |
| উপস্থিতি | পরিশিষ্ট-'ক' |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। অতঃপর সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য সভাপতি DNCC সম্পর্কিত এ বিভাগের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগকে অনুরোধ করেন। বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা নিম্নরূপভাবে আলোচ্য বিষয়সমূহ উপস্থাপন করেন:

**১.০ আলোচ্য সূচি-১:** ইনফো সরকার-২ প্রকল্পের আওতায় অধিদপ্তরসমূহের প্রধান ও মাঠ পর্যায়ের অফিসের কানেক্টটিভি/নেটওয়ার্কের সঠিক পরিসংখ্যান চূড়ান্তকরণ এবং অচল কানেক্টটিভি সচলকরণ।

**১.১ আলোচনা:** সভায় DNCC সম্পর্কিত এ বিভাগের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহ হতে প্রাপ্ত তথ্যে ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) হতে প্রাপ্ত তথ্যে কানেক্টটিভি/নেটওয়ার্কের সংখ্যার বিষয়ে অসামঞ্জস্য রয়েছে, যা সভায় পাওয়ার পয়েন্টের মাধ্যমে উপস্থাপন করা হয়। সভায় উপস্থিত সদস্যবৃন্দ সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহ বিসিসি কর্তৃক প্রদত্ত কানেক্টটিভি/নেটওয়ার্কের পরিসংখ্যান হালনাগাদ করার বিষয়ে গুরুত্ব আরোপ করেন। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর উদ্যোগে অধিদপ্তরসমূহের সকল অচল কানেক্টটিভি সচলকরণের জন্য ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক পুনঃস্থাপন, সংযোজন, সচলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহ ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা এবং বর্ণিত বিষয়ে পরস্পরকে প্রয়োজনীয় সহযোগীতা প্রদানের বিষয়ে সভায় সবাই একমত প্রকাশ করেন।

**১.২ সিদ্ধান্ত:**

(ক) এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর সাথে সমন্বয়পূর্বক কানেক্টটিভি/নেটওয়ার্কের সঠিক পরিসংখ্যান এবং অচল কানেক্টটিভি সচলকরণের কার্যক্রম পরবর্তী এক মাসের মধ্যে অর্থ্যাৎ ৩১/০৮/২০২১ তারিখের সম্পন্ন করা।

(খ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর উদ্যোগে অধিদপ্তরসমূহের সকল অচল কানেক্টটিভি সচলকরণের জন্য ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক পুনঃস্থাপন, সংযোজন এর মাধ্যমে সচলকরণের প্রয়োজনীয় ব্যবস্থা ব্যবস্থা গ্রহণ করবে।

(গ) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের সকল অফিসে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

(বিসিসি) এর প্রতিনিধি কর্তৃক ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক সচলকরণ/রক্ষণাবেক্ষণের নিমিত্ত প্রবেশাধিকার প্রদানের জন্য প্রয়োজনীয় সহযোগীতা অধিদপ্তরসমূহ প্রদান করবে। এ ব্যাপারে অধিদপ্তরসমূহের প্রধান কার্যালয় হতে মাঠ পর্যায়ের সকল অফিসে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে।

(ঘ) সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের সকল অফিসে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর প্রতিনিধি কর্তৃক ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক সচলকরণ সম্পন্ন হলে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এবং অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের সকল অফিস পারস্পারিকভাবে প্রত্যয়ন সংগ্রহ করবে এবং অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের সকল অফিস তা অধিদপ্তরসমূহের প্রধান কার্যালয়ে প্রেরণ করবে।

**২.০ আলোচ্য সূচি-২:** সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের যেসকল অফিসে স্থানীয় ইন্টারনেট সার্ভিস প্রোভাইডাদের ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক একত্রে ব্যবহার করা।

**২.১ আলোচনা:** সভায়DNCC সম্পর্কিত এ বিভাগের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা উল্লেখ করেন যে, সুরক্ষা সেবা বিভাগের অধীন অধিদপ্তরসমূহের অধিদপ্তরসমূহের যেসকল অফিসে স্থানীয় ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক আছে সেসকল অফিসের স্থানীয় ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারদের ইন্টারনেট কানেক্টটিভি/ নেটওয়ার্ক ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ইন্টারনেট কানেক্টিভিটি/ নেটওয়ার্ক একত্রে ব্যবহার করার ব্যাপারে গুরুত্ব আরোপ করেন। দুইটি ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক একত্রে ব্যবহার করলে কোনো ইন্টারনেট কানেক্টটিভি/ নেটওয়ার্ক অব্যবহৃত থাকবে না এবং অফিসে ইন্টারনেটের গতি বৃদ্ধি পাবে।

**২.২ সিদ্ধান্ত:**

(ক) মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের মাঠ পর্যায়ের সকল অফিসে স্থানীয় ইন্টারনেট সার্ভিস প্রোভাইডাদের ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক ও বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর ইন্টারনেট কানেক্টটিভি/নেটওয়ার্ক এর ব্যবহার করার জন্য প্রয়োজনীয় ডিভাইস ও কারিগরি সহযোগিতা বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) প্রদান করবে।

**৩.০ আলোচ্য সূচি-৩:** মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত DNCC এর ৩১তম সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি (ইন্টারনেট সেবা গ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অফিস, সেবা প্রদানকারী NTTN অপারেটরসমূহ এবং বিসিসি'র মধ্যে একটি ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন এবং বিসিসি কর্তৃক মাসিক বিলের পরিমাণ নিয়মিতভাবে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অফিস এবং সেবা প্রদানকারী NTTN অপারেটরসমূহকে প্রেরণের নির্দেশনা)।

**৩.১ আলোচনা:** ১৮ জুলাই ২০১৯ তারিখে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত DNCC এর ৩১তম সভার সিদ্ধান্তটি সভায় উপস্থাপন করা হয় যা নিম্নরুপ:

"অক্টোবর ২০১৮ হতে বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক স্থাপিত নেটওয়ার্কের মাধ্যমে ইন্টারনেট (Leased Line) সেবা গ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অফিস-এর সাথে চুক্তি স্বাক্ষরপূর্বক এ সংক্রান্ত বিলের অর্থ NTTN অপারেটরসমূহ সংগ্রহ করবে। মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অফিস সম্পাদিত চুক্তির অনুলিপি বিসিসি বরাবরে প্রেরণ করবে। বিসিসি Network Operation Center (NOC) হতে প্রাপ্ত সচল সংযোগের সংখ্যা এবং মাসিক বিলের পরিমান নিয়মিত সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অফিস এবং সেবা প্রদানকারী NTTN অপারেটরসমূহকে প্রেরণ করবে।"

সুরক্ষা সেবা বিভাগ এবং অধীন অধিদপ্তরসমূহ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) হতে সভায় উপস্থিত সদস্যবৃন্দ বর্ণিত সিদ্ধান্তটি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। DNCC সম্পর্কিত এ

বিভাগের বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, সুরক্ষা সেবা বিভাগে Leased Line বিদ্যমান নেই কিন্তু এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহে বর্ণিত Leased Line বিদ্যমান আছে। তিনি আরোও উল্লেখ করেন এ বিভাগের অধীন অধিদপ্তরসমূহের জন্য বিসিসির Network Operation Center (NOC) হতে সচল এবং অচল সংযোগের সংখ্যা পাওয়া গেলেও মাসিক বিল এবং ইন্টারনেট সেবা গ্রহণকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অফিস, সেবা প্রদানকারী NTTN অপারেটরসমূহ এবং বিসিসি'র মধ্যে ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন করার কোন ধরণের কার্যক্রম বিসিসি বা আইসিটি বিভাগ কর্তৃক গৃহীত হয়নি। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে বিসিসি'র প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, পিপিআর অনুযায়ী মাসিক বিল প্রদানের ক্ষেত্রে কিছু জটিলতা রয়েছে। অপরদিকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট সভাকে অবহিত করেন যে, মাসিক বিল প্রদান এবং ত্রিপক্ষীয় চুক্তি সম্পাদন ব্যাপারে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের জন্য অতি শীঘ্রই DNCC এর ৩২ তম সভা অনুষ্ঠিত হবে এবং সভা অনুষ্ঠিত হলে সভার সিদ্ধান্ত Leased Line গ্রহণকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/অফিসকে অবহিত করা হবে। তদনুযায়ী সিনিয়র সিস্টেম অ্যানালিস্ট, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এর অনুরোধে পরবর্তী কার্যক্রম গ্রহণে DNCC এর অনুষ্ঠিতব্য ৩২ তম সভার সিদ্ধান্ত এবং আইসিটি বিভাগের নির্দেশনার জন্য অপেক্ষা করার বিষয়ে সভায় উপস্থিত সবাই একমত প্রকাশ করেন।

৩.২ **সিদ্ধান্ত:**
(ক) আইসিটি বিভাগ হতে প্রয়োজনীয় নির্দেশনা পেলে বিল ও চুক্তির ব্যাপারে অধিদপ্তরসমূহ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।
(খ) DNCC এর অনুষ্ঠিতব্য ৩২ তম সভায় এ বিষয়ে নির্দেশনার জন্য অপেক্ষা করা।

৪.০ **আলোচ্য সূচি-৩:** বিবিধ ।

৪.১ **আলোচনা:** সভায় উপস্থিত সদস্যবৃন্দ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ইনফো সরকার-২ প্রকল্পের আওতায় স্থাপিত অচল কানেক্টিভি/নেটওয়ার্ক সচলকরণ ও সুব্যবস্থাপনার মাধ্যমে ব্যবহার করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৪.২ **সিদ্ধান্ত:** বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) কর্তৃক ইনফো সরকার-২ প্রকল্পের আওতায় স্থাপিত অচল কানেক্টিভি/নেটওয়ার্ক সচলকরণ ও সুব্যবস্থাপনার মাধ্যমে ব্যবহার করার বিষয়টি ত্রিপক্ষীয় চুক্তিতে সুস্পষ্টভাবে উল্লেখ করা।

সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

ড. তরুণ কান্তি শিকদার
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৫৮.০০.০০০০.০১৮.৩১.০০৫.১৭.১৩১

তারিখ: ২০ শ্রাবণ ১৪২৮
০৪ আগস্ট ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) সিনিয়র সচিব, সিনিয়র সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
২) অনুবিভাগ প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

৩) অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ

৪) নির্বাহী পরিচালক, নির্বাহী পরিচালক এর দপ্তর, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

৫) উপসচিব, প্রশাসন-১ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৬) উপসচিব, প্রশাসন-২ শাখা, সুরক্ষা সেবা বিভাগ

৭) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিস্টেম ডেভেলপমেন্ট এবং অপারেশন অধিশাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৮) সিস্টেম এনালিস্ট, ই-সার্ভিস অপারেশন শাখা, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

৯) সচিবের একান্ত সচিব, সচিব-এর দপ্তর, সুরক্ষা সেবা বিভাগ

১০) এডমিনিস্ট্রেটর (ওয়েব), মানব সম্পদ ব্যবস্থাপনা ও সাচিবিক ইউনিট, বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল

১১) সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

১২) সহঃ প্রোগ্রামার, আইসিটি সেল, সুরক্ষা সেবা বিভাগ

মোঃ আইয়ুব হোসেন
প্রোগ্রামার